

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪২/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ৩১/০৭/২০১২খ্রিঃ।

১৬ই শ্রাবণ, ১৪১৯ বাংলা।

### অন-চ্যাসিস ডেলিভারীর ক্ষেত্রে প্রযোজ্য যৌথ অঙ্গিকারনামার বিষয়ে

#### বিশেষ দৃষ্টি আকর্ষণ

ইদানিং লক্ষ্য করা যাইতেছে যে, এসোসিয়েশন কর্মকর্তার প্রতিস্বাক্ষরের জন্য দাখিলকৃত যৌথ অঙ্গিকারনামা সমূহে, ক্ষেত্র বিশেষে ত্রুটি পরিলক্ষিত হইতেছে। যাহা অনভিপ্রেত। এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি পরিহারের লক্ষ্যে, যৌথ অঙ্গিকারনামা সৃজনে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হইল।

ক. অঙ্গিকারনামাটি অবশ্যই এসোসিয়েশন নির্দেশিত ছকে (Format) সৃজিত হইবে।

খ. আমদানিকারকের পক্ষে এল,সি,এ ফরমে স্বাক্ষরকারীকে অঙ্গিকারনামায় স্বাক্ষর করিতে হইবে। এল,সি,এ ফরমে একাধিক স্বাক্ষরকারী থাকিলে, অঙ্গিকারনামায়ও সকলে স্বাক্ষর করিতে হইবে।

গ. সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের মালিক/ম্যানেজিং ডাইরেক্টর/ম্যানেজিং পার্টনার অথবা তাঁহাদের দ্বারা যথাযথভাবে দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধিকে যৌথ অঙ্গিকারনামায় স্বাক্ষর প্রদান করিতে হইবে।

ঘ. সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টকে এসোসিয়েশনের বৈধ সদস্য হইতে হইবে।

#### ইপিজেড এর ক্ষেত্রে (এল,সি,এ ফরম প্রযোজ্য না হইলে)

ঙ. ইপিজেড সমূহের আমদানির ক্ষেত্রে, আইপি (IP) এর সহিত দাখিলকৃত অঙ্গিকারনামায় স্বাক্ষরকারীকে যৌথ অঙ্গিকারনামায় স্বাক্ষর করিতে হইবে।

উপরিউক্ত নির্দেশনা সমূহ কঠোরভাবে মানিয়া চলার জন্য অনুরোধ জানান হইল। এই বিষয়ে কোন ব্যত্যয় পরিলক্ষিত হইলে গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন।